প্রধানমন্ত্রীর কার্যালয়
মহাপরিচালক-১
পরিচালক : ১
ডাইরী নং ........
তারিখ ........
সময় ........

প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের দপ্তর
প্রধানমন্ত্রীর কার্যালয়
ইস্যু নম্বর:
তারিখ:
সময়:
সিনিয়র সচিব/সচিব
প্রেস সচিব
মহাপরিচালক, এসএসএফ
প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১/২
মহাপরিচালক-জিআইইউ
মহাপরিচালক-১ ২ ৩ ৪
মহাপরিচালক-এসআরসিসি/নির্বাহী সেল
পিডি আশ্রয়ণ
পরিচালক-
প্রধানমন্ত্রীর সহকারী একান্ত সচিব-১/২
প্রধানমন্ত্রীর প্রটোকল অফিসার-১/২
প্রধানমন্ত্রীর এসাইনমেন্ট অফিসার
প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের একান্ত সচিব
জরুরী ভিত্তিতে ব্যবস্থা নিন
জরুরী উপস্থাপন করুন
পরীক্ষান্তে উপস্থাপন করুন
বর্তমান ব্যবস্থা অবহিত করুন
বিধি মোতাবেক ব্যবস্থা নিন
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
আলোচনা করুন
.......... প্রতিবেদন দিতে অনুরোধ করুন।
.......... কে মতামত দিতে অনুরোধ করুন।
.......... সহ আলোচনা করুন।
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
বিধি অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৪২৩.৩৫.০০৩.১৫.৮৫

পরিপত্র

**বিষয়: মন্ত্রণালয়/ বিভাগে ব্যবহৃত সরকারের বিভিন্ন পদনাম ও পদবিসমূহের বিধি বহির্ভূত ব্যবহার।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৫৫(৬)-এর আলোকে প্রণীত Rules of Business, 1996, সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এবং অন্যান্য বিধি দ্বারা সরকারের বিভিন্ন পদনাম ও পদবি সংজ্ঞায়িত। সরকারের সিনিয়র সচিব/সচিব, অতিরিক্ত সচিব, যুগ্মসচিব, উপসচিব ও সহকারী সচিব পদসমূহে ক্যাডার কর্মকর্তাগণের নিয়োগ ও পদোন্নতি 'সরকারের উপ-সচিব, যুগ্মসচিব, অতিরিক্ত সচিব ও সচিব পদে পদোন্নতি বিধিমালা, ২০০২' দ্বারা নিয়ন্ত্রিত।

২। সরকারের পদনামসমূহ বিধি বহির্ভূতভাবে বিভিন্ন আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা/সংগঠন, অধঃস্তন অফিস ও সংযুক্ত দপ্তরসমূহ এবং বেসরকারি অফিসসমূহে ব্যবহৃত হচ্ছে। উপরিল্লিখিত বিধিমালা দ্বারা নিয়োগ বা পদোন্নতি প্রাপ্ত নন এমন ব্যক্তি কর্তৃক সরকারের পদনামসমূহ অননুমোদিত ব্যবহারের ফলে জনমনে বিভ্রান্তির সৃষ্টি হয়। বিধি বহির্ভূতভাবে বা আংশিক পরিবর্তন করে উল্লিখিত সরকারি পদনামসমূহের ব্যবহার নৈতিকতা-পরিপন্থী এবং 'দন্ডবিধি-১৮৬০' ও 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮' অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

৩। বর্ণিত প্রেক্ষাপটে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলো:

(ক) মন্ত্রণালয়/ বিভাগের অধঃস্তন অফিসের পদনাম ও পদবি সৃজনের ক্ষেত্রে সরকারি পদনাম ও পদবি সহকারী সচিব, উপসচিব, যুগ্মসচিব, অতিরিক্ত সচিব, সচিব ও সিনিয়র সচিব যেন ব্যবহৃত না হয় এবং ইতঃপূর্বে অনুমোদিত সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান ত্রুটি/ বিভ্রান্তি নিরসনে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

(খ) সরকারের মন্ত্রণালয়/বিভাগ, সংযুক্ত দপ্তর ও অধঃস্তন অফিসে কর্মরত কর্মকর্তাগণকে স্ব স্ব সাংগঠনিক কাঠামোতে অনুমোদিত পদনাম ও পদবি পূর্ণাঙ্গ ও সঠিকভাবে তাদের দাপ্তরিক সিলমোহর, নেমকার্ড, নেমপ্লেট, নথি এবং ওয়েবসাইটে ব্যবহার করতে হবে;

(গ) রাষ্ট্রীয়/জাতীয় অনুষ্ঠানসমূহে প্রযোজ্য ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mopa.gov.bd) রক্ষিত কর্মকর্তাগণের তালিকা অনুসরণ করা যেতে পারে।

২৩.১০.২০১৯

(শফিউল আজিম)
যুগ্মসচিব
ফোন: ৯৫৭৪৫৩৭
ইমেইল: js_rs@cabinet.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব,..........................................মন্ত্রণালয়/বিভাগ।
৩. সচিব,..........................................মন্ত্রণালয়/বিভাগ।
৪. সচিব (দায়িত্বপ্রাপ্ত), আইন ও বিচার বিভাগ।

F:\Rules-2019\Post and Designition\Letter_Designation 2019.docx